| ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ<br>দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন | **সেবাখাতে দুর্নীতি: জাতীয় খানা জরিপ ২০২৫**<br>**জরিপকর্মী আবশ্যক** |
|---|---|

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) 'সেবাখাতে দুর্নীতি: জাতীয় খানা জরিপ ২০২৫' পরিচালনার উদ্দেশ্যে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে স্বল্পমেয়াদে **'মাঠ তত্ত্বাবধায়ক'** এবং **'মাঠ তথ্য সংগ্রহকারী'** পদে উপযুক্ত প্রার্থীদের কাছ থেকে আবেদনপত্র আহ্বান করছে।

## মাঠ তত্ত্বাবধায়ক: ২৫ জন

- সময়: নভেম্বর ২০২৫ - ডিসেম্বর ২০২৫ (সর্বোচ্চ ৪৫ দিন)

**দায়িত্বাবলী:**

- মাঠ তথ্য সংগ্রহকারীর সাথে নির্ধারিত এলাকা ভ্রমণ করা, তাদের কার্যক্রম তদারকি করা এবং প্রতিবেদন প্রদান করা;
- মাঠ তথ্য সংগ্রহকারী ও গবেষণা দলের সাথে যোগাযোগ রক্ষা করা;
- মাঠ তথ্য সংগ্রহকারীর সংগৃহীত তথ্য যাচাই করা ও শুদ্ধতা নিশ্চিত করা এবং প্রয়োজনে মাঠপর্যায়ে তথ্য সংগ্রহ করা;
- নির্দিষ্ট সময় অন্তর গবেষণা দল কর্তৃক প্রদানকৃত তথ্যের শুদ্ধতা যাচাই করা ও প্রয়োজনে নির্দিষ্ট খানায় গিয়ে তথ্য যাচাই করা;
- মাঠ তথ্য সংগ্রহকারীদের বিভিন্ন সমস্যা সমাধান করা এবং প্রয়োজনে প্রধান কার্যালয়ের সাথে যোগাযোগ করা;
- প্রধান কার্যালয় কর্তৃক প্রদানকৃত জরিপ সংশ্লিষ্ট যেকোন কাজ।

**আবেদনের যোগ্যতা:**

- প্রার্থীকে কমপক্ষে স্নাতক বা সমমান ডিগ্রিধারী হতে হবে, স্নাতকোত্তর বা সমমান ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেওয়া হবে। সামাজিক বিজ্ঞান অনুষদের যে কোনো বিষয়ে ডিগ্রিধারী প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে। শিক্ষা জীবনের কোনো পর্যায়ে তৃতীয় বিভাগ অথবা জিপিএ ২.০ এর কম (এসএসসি/এইচএসসি) এবং সিজিপিএ ২.৫ এর কম (স্নাতক/স্নাতকোত্তর) গ্রহণযোগ্য নয়;
- জরিপ কাজে মাঠ পরিদর্শন ও তদারকি এবং তথ্য সংগ্রহে কমপক্ষে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে; বিশেষ করে সুশাসন ও দুর্নীতিবিষয়ক জরিপের কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে;
- আবেদনকারীর এমএস অফিস এবং জরিপ সংক্রান্ত তথ্য সংগ্রহের মোবাইল অ্যাপ ব্যবহার সম্পর্কে ধারণা থাকতে হবে;
- জরিপের প্রয়োজনে প্রার্থীর ই-মেইল অ্যাকাউন্ট এবং তথ্য সংগ্রহের জন্য অ্যান্ড্রয়েড স্মার্ট ফোন (স্ক্রিন সাইজ সর্বনিম্ন ৪.৫ ইঞ্চি, 4G Support এবং সর্বনিম্ন অ্যান্ড্রয়েড ভার্সন ১০, মোবাইল-ব্যাটারি কমপক্ষে ৩৫০০ মিলি অ্যাম্পিয়ার/একাধারে কমপক্ষে ৭-৮ ঘণ্টা মোবাইল ব্যবহার করার ব্যবস্থা) থাকতে হবে;
- আবেদনকারীর বয়সসীমা সর্বোচ্চ ৪০ বছর।

**ভাতা ও প্রাসঙ্গিক বিষয়াদি:**

- প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের প্রশিক্ষণের জন্য আহ্বান করা হবে এবং প্রশিক্ষণ-পরবর্তী মূল্যায়নের ভিত্তিতে ২৫ জনকে চূড়ান্তভাবে নির্বাচন করা হবে;
- প্রশিক্ষণ চলাকালীন সকল প্রার্থী দৈনিক ৪০০ টাকা হারে ভাতা পাবেন; দূরযাত্রার ক্ষেত্রে (বাসস্থান থেকে প্রশিক্ষণ স্থান এবং প্রশিক্ষণ স্থান থেকে বাসস্থান) প্রকৃত খরচ টিআইবির নিয়ম অনুযায়ী প্রদান করা হবে;
- মাঠ পর্যায়ে দৈনিক কর্মভাতা ১০০০ টাকা, আবাসন ভাতা ৯০০ টাকা, খাদ্য ভাতা ৭৫০ টাকা এবং যাতায়াত ভাতা ৪৫০ টাকা হারে প্রদান করা হবে। উল্লেখ্য, যাতায়াত ভাতা সাপ্তাহিক ছুটিসহ অন্যান্য ছুটির দিনে প্রযোজ্য নয়;
- মোবাইল ফোনের বিল বাবদ মাসিক ৫০০ টাকা এবং জরিপের নির্ধারিত মোবাইল অ্যাপ ব্যবহারের জন্য ইন্টারনেট বিল বাবদ মাসিক ৪০০ টাকা ভাতা প্রদান করা হবে;
- সর্বশেষ কর্ম এলাকা থেকে ঢাকায় ফেরত আসার ও যাওয়ার (বাস/ট্রেন/লঞ্চ) প্রকৃত পরিবহন খরচ টিআইবির নিয়ম অনুযায়ী প্রদান করা হবে;
- কোনো ধরনের ভাতা অগ্রিম প্রদান করা হবে না (প্রশিক্ষণ সংক্রান্ত ভাতাসমূহ সফলভাবে প্রশিক্ষণ শেষে প্রদান করা হবে এবং মাঠপর্যায়ের ভাতাসমূহ প্রতি ১৫ দিন অন্তর প্রদান করা হবে);
- চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে Tax Identification Number (TIN) সার্টিফিকেট সরবরাহ করতে হবে;
- সকল প্রকার ভাতা ইলেকট্রনিক ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে সম্পন্ন করা হবে বিধায় নির্বাচিত প্রার্থীদের নিজ নামে ব্যাংক/বিকাশ অ্যাকাউন্ট থাকতে হবে। নিজ নাম ব্যতীত অন্যের নামে ব্যাংক/বিকাশ অ্যাকাউন্টে কোনো প্রকার ভাতা ট্রান্সফার করা হবে না।

**মাঠ তথ্য সংগ্রহকারী: ১০০ জন**

- সময়: নভেম্বর ২০২৫ - ডিসেম্বর ২০২৫ (সর্বোচ্চ ৪৫ দিন)

**দায়িত্বাবলী:**

- নির্দেশনা অনুযায়ী নির্দিষ্ট খানায় জরিপ কার্য পরিচালনা করা;
- সংগৃহীত তথ্য নির্দিষ্ট মোবাইল অ্যাপে সংরক্ষণ করা;
- মাঠ তত্ত্বাবধায়কের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করা ও সকল বিষয় অবহিত করা;
- সংগৃহীত তথ্য পুনঃপরীক্ষা করা ও তথ্যের শুদ্ধতা নিশ্চিত করা;
- প্রধান কার্যালয় কর্তৃক প্রদানকৃত জরিপ সংশ্লিষ্ট যেকোন কাজ।

**আবেদনের যোগ্যতা:**

- প্রার্থীকে কমপক্ষে স্নাতক বা সমমান ডিগ্রিধারী হতে হবে, সামাজিক বিজ্ঞান অনুষদের যেকোনো বিষয়ে ডিগ্রিধারী প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে। শিক্ষা জীবনের কোনো পর্যায়ে তৃতীয় বিভাগ অথবা জিপিএ ২.০ এর কম (এসএসসি/এইচএসসি) এবং সিজিপিএ ২.৫ এর কম (স্নাতক/স্নাতকোত্তর) গ্রহণযোগ্য নয়;
- জরিপ কাজে মাঠ থেকে তথ্য সংগ্রহে বিশেষ করে সুশাসন ও দুর্নীতিবিষয়ক জরিপের কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে;
- আবেদনকারীর এমএস অফিস এবং জরিপ সংক্রান্ত তথ্য সংগ্রহের মোবাইল অ্যাপ ব্যবহার সম্পর্কে ধারণা থাকতে হবে;
- জরিপের প্রয়োজনে প্রার্থীর ই-মেইল অ্যাকাউন্ট এবং তথ্য সংগ্রহের জন্য অ্যান্ড্রয়েড স্মার্ট ফোন (স্ক্রিন সাইজ সর্বনিম্ন ৪.৫ ইঞ্চি, 4G Support এবং সর্বনিম্ন অ্যান্ড্রয়েড ভার্সন ১০, মোবাইল-ব্যাটারি কমপক্ষে ৩৫০০ মিলি অ্যাম্পিয়ার/একাধারে কমপক্ষে ৭-৮ ঘণ্টা মোবাইল ব্যবহার করার ব্যবস্থা) থাকতে হবে;
- আবেদনকারীর বয়সসীমা সর্বোচ্চ ৩৫ বছর।

**ভাতা ও প্রাসঙ্গিক বিষয়াদি:**

- প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের প্রশিক্ষণের জন্য আহ্বান করা হবে এবং প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়নের ভিত্তিতে ১০০ জনকে চূড়ান্ত প্রার্থী হিসেবে নির্বাচন করা হবে;
- প্রশিক্ষণ চলাকালীন সকল প্রার্থী দৈনিক ৪০০ টাকা হারে ভাতা পাবেন; দূরযাত্রার ক্ষেত্রে (বাসস্থান থেকে প্রশিক্ষণ স্থান এবং প্রশিক্ষণ স্থান থেকে বাসস্থান) প্রকৃত খরচ টিআইবির নিয়ম অনুযায়ী প্রদান করা হবে;
- মাঠ পর্যায়ে দৈনিক কর্মভাতা ৮০০ টাকা, আবাসন ভাতা ৭০০ টাকা, খাদ্য ভাতা ৭৫০ টাকা এবং যাতায়াত ভাতা ৩৫০ টাকা হারে প্রদান করা হবে। উল্লেখ্য, যাতায়াত ভাতা সাপ্তাহিক ছুটিসহ অন্যান্য ছুটির দিনে প্রযোজ্য নয়;
- মোবাইল ফোনের বিল বাবদ মাসিক ৪০০ টাকা এবং জরিপের নির্ধারিত মোবাইল অ্যাপ ব্যবহারের জন্যে ইন্টারনেট বিল বাবদ মাসিক ৪০০ টাকা ভাতা প্রদান করা হবে;
- সর্বশেষ কর্মএলাকা থেকে ঢাকায় ফেরত আসার ও যাওয়ার (বাস/ট্রেন/লঞ্চ) প্রকৃত পরিবহন খরচ টিআইবির নিয়ম অনুযায়ী প্রদান করা হবে;
- কোনো ধরনের ভাতা অগ্রিম প্রদান করা হবে না (প্রশিক্ষণ সংক্রান্ত ভাতাসমূহ সফলভাবে প্রশিক্ষণ শেষে প্রদান করা হবে এবং মাঠপর্যায়ের ভাতাসমূহ প্রতি ১৫ দিন অন্তর প্রদান করা হবে);
- চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে Tax Identification Number (TIN) সার্টিফিকেট সরবরাহ করতে হবে;
- সকল প্রকার ভাতা ইলেকট্রনিক ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে সম্পন্ন করা হবে বিধায় নির্বাচিত প্রার্থীদের নিজ নামে ব্যাংক/বিকাশ অ্যাকাউন্ট থাকতে হবে। নিজ নাম ব্যতীত অন্যের নামে ব্যাংক/বিকাশ অ্যাকাউন্টে কোনো প্রকার ভাতা ট্রান্সফার করা হবে না।

আগ্রহী প্রার্থীদেরকে অবশ্যই টিআইবির ওয়েবলিংক (https://recruitment.ti-bangladesh.org)-এর মাধ্যমে অনলাইনে আবেদন করতে হবে। অন্য কোনো মাধ্যমে প্রাপ্ত আবেদন গ্রহণযোগ্য হবে না। বাংলাদেশের যে কোনো অঞ্চলে কাজ করার মানসিকতা থাকতে হবে। আবেদনকারীদের মধ্য হতে বাছাইকৃতদের প্রতিযোগিতামূলক মৌখিক পরীক্ষার মাধ্যমে প্রশিক্ষণের জন্য প্রাথমিকভাবে নির্বাচন করা হবে।

## আবেদনের শেষ তারিখ: ২০ সেপ্টেম্বর ২০২৫